গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা
www.kgmc.ac.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

# ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন জমার বিজ্ঞপ্তি

১। মাস্টার্স শেষ পর্ব বিষয়সমূহ (কলেজ কোড - 0312) ঃ

(ক) এম এ ঃ বাংলা, ইংরেজি , ইতিহাস , ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ও দর্শন

(খ) এম এস এস ঃ রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি

(গ) এম এস সি ঃ পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত

২। **Online** এ আবেদন ফরম পাওয়া যাবে ঃ **www.nu.ac.bd/admissions** ওয়েবসাইটে ২২ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ হতে ১৯ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত।

৩। **Online** এ পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে কলেজে জমাদানের তারিখ ঃ ২২ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ হতে ২২ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত)।

৪। ভর্তির আবেদন ফরম পূরণের যোগ্যতা ঃ

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) এবং ২০১৯ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে সনাতন পদ্ধতিতে ন্যুনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে নূন্যতম সিজিপিএ ২.২৫ পেয়ে উত্তীর্ণ হতে হবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত, প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রাইভেট/অন্য যে কোন মাস্টার্স প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবেন না।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে অনলাইনে আবেদন ফরম পূরণের সময় **120x150 Pixels, Image Type: JPG** এবং **maximum file size: 50kb** সংযুক্ত করার তা A4 (৮.৫ ইঞ্চি × ১১ ইঞ্চি) সাইজের অফসেট পেপারে কালার প্রিন্ট করতে হবে।

(গ) জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

(ঘ) আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন শিক্ষার্থী তার আবেদন ফরমে প্রতিষ্ঠান/ কলেজের নাম পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **From Cancel Option** এ গিয়ে **Cancel** করতে পারবে। শিক্ষার্থী ফরম বাতিলের সুযোগটি মাত্র একবারই পাবে।

(ঙ) ভর্তির জন্য অনলাইন ফরমে কোন প্রকার মিথ্যা/ ভুল তথ্য প্রমাণিত হলে শিক্ষার্থীর আবেদনটি বাতিল বলে বিবেচিত হবে।

(চ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশিকা অনুযায়ী অনার্স/ মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে শতকরা নির্ণয় করে মেধা তালিকা তৈরি করে ১ম মেধা তালিকা, ২য় মেধা তালিকা, কোটা ভর্তি ও রিলিজ স্লিপ ১ম ও ২য় এর মাধ্যমে ভর্তির ফলাফল ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৫। আবেদন ফিস "**Sonali eSheba**" মোবাইল এপস অথবা নিচের নির্ধারিত লিংক তে প্রবেশ করে ১০০০/- (এক হাজার) টাকা পেমেন্ট করে পেমেন্ট স্লিপের কপি আবেদন ফরমের সাথে জমা প্রদান করতে হবে।
https://billpay.sonalibank.com.bd/CollegeFee/Payment/Application?eiin=117107

৬। ভর্তির অন-লাইন ফরম জমার স্থান ঃ কলেজের অফিস কাউন্টারে।

৭। প্রয়োজনীয় কাগজপত্রসমূহ ঃ

i) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স/ মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ মূল মার্কশীট/অনলাইন থেকে সিজিপিএ সহ রেজাল্ট এর ফটোকপি

ii) প্রশংসাপত্রের ফটোকপি।

iii) দ্বৈত ভর্তির ক্ষেত্রে অনলাইনে আপলোডকৃত অঙ্গীকারনামার মূলকপি।

৮। ক্লাস শুরু ঃ ০১ এপ্রিল, ২০২৬ খ্রি. স্ব-স্ব বিভাগে।

> বিঃদ্রঃ আবেদন ফরমের সাথে প্রয়োজনীয় কাগজপত্র অফিসে জমা প্রদান না করলে, ভর্তি সংক্রান্ত যে কোন জটিলতায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

20/1/25

(প্রফেসর মোঃ সাইফুর রহমান - ৬৭৫৩)
অধ্যক্ষ
খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা।
ফোন ঃ ০২৪৭৭৭০২৩১২
ই-মেইল ঃ kgcprinp.ad@gmail.com